



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.org

Ref:

Date: ১ আগস্ট ২০১২

প্রেস বিজ্ঞপ্তি

লক্ষ্মীছড়িতে বোরকা সন্ত্রাসী কর্তৃক দুই গ্রামবাসী অপহৃত

খাগড়াছড়ির লক্ষ্মীছড়ি উপজেলার ১নং লক্ষ্মীছড়ি ইউনিয়নের মরাচেঙ্গী মুখ পাড়া ও যতীন্দ্র কার্বারী পাড়া থেকে সেনা-সম্ভ্রমদপুষ্ট বোরকা পার্টির সন্ত্রাসীরা দুই নিরীহ গ্রামবাসীকে অস্ত্রের মুখে অপহরণ করেছে। অপহৃতরা হলেন জ্যোতিময় চাকমা (৩০) পিতা রাজ কুমার চাকমা ও করুণা চাকমা (৩২) পিতা প্রবীণ চাকমা। গতকাল ৩১ জুলাই মধ্যরাত আনুমানিক ১টার সময় এ ঘটনা ঘটে।

ইউপিডিএফ খাগড়াছড়ি জেলা ইউনিটের সংগঠক প্রদীপ চাকমা এক বিবৃতিতে উক্ত দুই নিরীহ গ্রামবাসীকে অপহরণের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন। তিনি অবিলম্বে অপহৃতদের উদ্ধারে কার্যকর পদক্ষেপ নেয়ার জন্য প্রশাসনের প্রতি আহ্বান জানান।

ঘটনার বর্ণনা দিয়ে তিনি বলেন, লক্ষ্মীছড়ি সেনা জোন থেকে একদল সেনা সদস্য শ্যামল কান্তি চাকমা ও রিপন চাকমাসহ কয়েকজন বোরকা পার্টির সন্ত্রাসীকে সাথে নিয়ে গাড়ি যোগে মরাচেঙ্গী মুখ পাড়া ও যতীন্দ্র কার্বারী পাড়ায় যায়। সেনারা সেখানে পৌঁছে বোরকা পার্টির সন্ত্রাসীদের নামিয়ে দিয়ে রায় টহল দেয়। এরপর বোরকা পার্টির সন্ত্রাসীরা উক্ত দুই গ্রামবাসীকে নিজ বাড়ি থেকে অপহরণ করে নিয়ে যায়। অপহরণের পর তাদেরকে কোথায় নিয়ে যাওয়া হয়েছে তা জানা যায়নি। অপহৃতদের পরিবারের পক্ষ থেকে আজ সকালে বোরকা সন্ত্রাসীদের সাথে যোগাযোগ করা হলে ঘটনার সাথে জড়িত থাকার কথা তারা অস্বীকার করেছে। ফলে উভয় পরিবারের মধ্যে উৎকর্ষা দেখা দিয়েছে।

ইউপিডিএফ-এর কাছে অপহৃত করুণা চাকমার ছোট ভাই বলেন, 'প্রথমে একটি গাড়ির শব্দ শুনতে পাই। গাড়িটা আমাদের বাড়ির কিছু দূরে রাস্তায় এসে থামে। এর কিছুক্ষণ পর দুইজন সশস্ত্র পাহাড়ি যুবক আমাদের বাড়িতে আসে এবং আমার বড় ভাইকে ঘুম থেকে তুলে নিয়ে যায়। তাকে নিয়ে যাওয়ার প্রায় আধা ঘন্টা পর আর্মিরা আমাদের বাড়িতে আসে এবং কিছুক্ষণ অবস্থান করার পর চলে যায়।'

একই ঘটনা প্রসঙ্গে অপহৃত জ্যোতিময় চাকমার স্ত্রী জানান, 'রাতে ৫ জন সশস্ত্র সন্ত্রাসী আমাদের বাড়িতে আসে। তাদের ২ জন বাড়ির ভিতর ঢুকে পড়ে এবং বাকি ৩ জন বাইরে দাঁড়িয়ে থাকে। তাদের মধ্যে বোরকা পার্টির সন্ত্রাসী শ্যামল কান্তি চাকমা ও রিপন চাকমাকে চিনতে পেরেছি। ঘরে ঢুকে তারা আমার স্বামীকে ঘুম থেকে তুলে নিয়ে যায়। যখন সন্ত্রাসীরা আমার স্বামীকে ধরে নিয়ে যাচ্ছিল তখন দেখি আর্মিরা যতীন্দ্র কার্বারী পাড়ার দোকানে অবস্থান করছিল।'

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ